

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ
পাটগ্রাম, লালমনিরহাট

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ পাটগ্রাম, লালমনিরহাট এর -পুকুর ইজারা প্রদানের জন্য
দরপত্র আহ্বান

স্মারক নং: পিসি-১১০০৪ (১১৯)/২৪

তারিখ: ১৪/০৭/২০২৪ খ্রি.

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট ক্যাম্পাস এর পশ্চিম পার্শ্বে অবস্থিত একটি পুকুর (৩০০ ফুট*১৫০ ফুট) মৎস্য চাষের জন্য আগ্রহী মৎস্য চাষীদের নিকট চুক্তি সম্পাদনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে সরকারি বিধি-মোতাবেক ইজারা দেওয়া হবে।

শর্তাবলী:

০১. পুকুরটির জলসীমা শুধুমাত্র মৎস্য চাষের জন্য ব্যবহৃত হবে। মৎস্য চাষ ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে পুকুর ইজারা দেওয়া হবে না। জলসীমা বা পুকুরের কোনরূপ সংস্কার বা পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।
০২. দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের ২৫% টাকার ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফটটি বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে অধ্যক্ষ, সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট বরাবর করতে হবে।
০৩. গৃহীত দরপত্র দাতাকে দরপত্র অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% টাকা অধ্যক্ষ বরাবর ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিয়ে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্প চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কোনরূপ কারণ ছাড়াই দরপত্র বাতিলসহ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবে।
০৪. উদ্ধৃত দরের ১৫% ভ্যাট ও ৫% আইটি প্রদান করতে হবে যা চুক্তি সম্পাদনের পূর্বেই ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে তার ২(দুই) কপি এ অফিসে জমা দিতে হবে।
০৫. প্রতিটি সিডিউল নগদ ১০০০/- (একহাজার) টাকা কলেজের হিসাব শাখায় জমা দিয়ে সংগ্রহ করতে হবে।
০৬. দরপত্রের সাথে দরপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে। অস্পষ্ট/ঘষামাজা/কাটা-কাটি বা ওভার রাইটিং লেখা সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৭. যে কোন জাতীয় বা অভ্যন্তরীণ প্রয়োজনে কলেজ কর্তৃপক্ষ সম্পাদিত চুক্তিপত্র বিধি মোতাবেক এককভাবে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
০৮. দরপত্র দাখিলের পর পুকুর সংক্রান্ত কোন প্রকার আপত্তি/অজুহাত বিবেচনা করা হবে না। কাজেই নির্ধারিত সীমানাসহ অন্যান্য বিষয়ে পুকুরের স্থান পরিদর্শনপূর্বক দরপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া হল।
০৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সময়সূচী:

| দরপত্র ক্রয়ের তারিখ | দরপত্র দাখিল | দরপত্র দাখিলের স্থান | দরপত্র খোলার সময় ও স্থান |
|--|---|---------------------------------------|---|
| ১৫/০৭/২০২৪ খ্রি. হতে ২৪/০৭/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৪ খ্রি. সকাল ১০.০০ টা হতে দুপুর ১২.০০ টা পর্যন্ত | অধ্যক্ষের কার্যালয়ে রক্ষিত বাঞ্চে | ২৫/০৭/২০২৪ খ্রি. রবিবার দুপুর ০১.০০ টায় কলেজের অধ্যক্ষের কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। |

অধ্যক্ষ 14. 07. 2024

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট

(মো. হাবিবুর রহমান ০১৭১২৬)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট

মোবাইল: ০১৭১২-০৭২৯৪২